ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, জয়পুরহাট
www.fpo.joypurhat.gov.bd

স্মারক নং জেপপ/জয়/নিয়োগ-২০২১/৬৭১

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৮
০৪ অক্টোবর ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন জয়পুরহাট জেলার আওতাধীন নিম্নবর্ণিত রাজস্বখাতভুক্ত শূন্য পদ পূরণের নিমিত্ত পদের পাশে উল্লিখিত সংশ্লিষ্ট জেলা/ উপজেলা/ সিটিকর্পোরেশন/ ইউনিয়ন/ পৌরসভা/ ইউনিট/ ওয়ার্ডের স্থায়ী নাগরিকদের নিকট হতে শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ

| ক্র ম. | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | যে এলাকার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | পরিবার পরিকল্পনা পরিদর্শক<br>গ্রেড-১৬,<br>৯৩০০-২২৪৯০/-<br>(শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন) | ০১ (এক) টি | তালিকা-১ দ্রষ্টব্য | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ। |
| ২ | পরিবার কল্যাণ সহকারী<br>গ্রেড-১৭,<br>৯০০০-২১৮০০/-<br>(শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন) | ৩৭ (সাঁইত্রিশ) টি | তালিকা-২ দ্রষ্টব্য | কোন স্বীকৃতবোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ। |
| ৩ | আয়া<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/-<br>(শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন) | ০৭ (সাত)টি | জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দা | ৮ম শ্রেণি/সমমান পাশ। |

**তালিকা-১(পদের নামঃ পরিবার পরিকল্পনা পরিদর্শক)**

| উপজেলার নাম ও পদ সংখ্যা | শূন্য ইউনিয়নের নাম |
|---|---|
| পাঁচবিবি (PANCHBIBI)-১ (এক) টি | কুসুম্বা (KUSUMBA) |

**তালিকা-২(পদের নামঃ পরিবার কল্যাণ সহকারী)**

| উপজেলার নাম ও পদ সংখ্যা | ইউনিয়নের নাম | শূন্য ইউনিটের/ ওয়ার্ডের নাম | যে যে গ্রাম/মহল্লা/এলাকা নিয়ে গঠিত |
|---|---|---|---|
| জয়পুরহাট সদর (JOYPURHAT SADAR)-০৬ (ছয়) টি | জামালপুর (JAMALPUR)-২ (দুই) টি | ১/খ [1/KHA] | শাহাপুর |
| | | ৩/ক [3/KA] | দক্ষিণ জামালপুর (থাঁপাড়া, হেগড়াপাড়া, মোয়াজ্জেম পাড়া, ভূতনীচরা, মাষ্টারপাড়া, কাজিপাড়া, সমতপাড়া, নয়াপাড়া, চারমাথা, তামকুরাপাড়া, দুদিয়া পাড়া) |
| | ধলাহার (DHALAHAR)- ১(এক) টি | ৩/ক [3/KA] | বিষ্ণুপুর, নিক্তিপাড়া, ভানাইকুশলিয়া |
| | আমদই (AMDOI)-২ (দুই) টি | ১/ক [1/KA] | কেন্দুল, সুন্দরপুর |
| | | ৩/ক [3/KA] | কাদোয়া |
| | বম্বু (BAMBU)-১ (এক) টি | ১/ক [1/KA] | হানাইল, হানাইলবম্বু, হিচমী |
| পাঁচবিবি (PANCHBIBI)-১১(এগার)টি | বাগজানা (BAGJANA)-২ (দুই) টি | ১/খ [1/KHA] | উত্তর কৃষ্ণপুর, উত্তর গোপালপুর, ত্রিপুড়া, চেঁচড়া |
| | | ২/ক [2/KA] | কুটাহারা, ঘোড়াপা, বাগজানা |
| | বালিঘাটা (BALIGHATA)-৩ (তিন) টি | ২/খ [2/KHA] | মালঞ্চা, খাসবাগুড়ী, সীতা, মাতখুর, পাটাবুকা, আরজীপাটাবুকা |
| | | ১/ক [1/KA] | দমদমা, পাঁচবিবি, রাধাবারি, নাকুড়গাছী |
| | | ৩/ক [3/KA] | আটুল, সুলতানপুর, কৃষ্ণপুর, বাগুড়ী, হরিহরপুর, কাশপুর |
| | আটাপুর (ATAPUR) - ২(দুই) টি | ২/ক [2/KA] | আটাপুর, জোরগাছি, গলাকাটা, জামপাড়া, দাউদপুর, বিরঞ্জন, চাঁদপুর, |
| | | ৩/ক [3/KA] | মাঝিনা, আয়মাপাড়া, হাজরাপুর, আংড়া, মুকন্দপুর, রামপুরা, কলন্দরপুর, জগদীশপুর, ফুলবন, উড়ানী |
| | মোহাম্মদপুর (MOHAMMODPUR)-২ (দুই) টি | ১/ক [1/KA] | বিনধারা, কেওর্তা, বারকান্দী, পাঁচগাছী, আমলাগাড়ী |
| | | ৩/ক [3/KA] | আমিরপুর, কয়েশকুল, কামারগ্রাম, লকনাহার, নন্দীগ্রাম |
| | কুসুম্বা (KUSUMBA) -১ (এক) টি | ৩/ক [3/KA] | রুনিহালী, পুকুরপাড়া, ছালাখুর, গোহারা, ঢাকারপাড়া, সোনাকুল, কুসুম্বা, পূর্বকৃষ্ণপুর, সোসারী |
| | আওলাই (AOLAI) -১ (এক) টি | ৩/খ [3/KHA] | নাওডুবা, চাটখুর, ফতেপুর, রাইগ্রাম, ডাহুরিয়া, মাকুল, নয়াপাড়া |
| কালাই (KALAI)-৭ (সাত)টি | মাত্রাই (MATRAI)-২ (দুই) টি | ১/ক [1/KA] | ছিলিমপুর, লক্ষীচাপড়, বাগনাপাতার, ভাউজাপাতার, বিয়ালা, হিমাইল |
| | | ৩/খ [3/KHA] | বলিগ্রাম, ছোট বলিগ্রাম, চকবলিগ্রাম, শালুকগাড়ী, শাইলগুন |
| | উদয়পুর (UDOYPUR)-১ (এক) টি | ২/ক [2/KA] | বড়ইগাড়ী, বাসিলাপাড়া, গঙ্গাদাসপুর, এলনাগাড়ী, আমলাপুকুর, নুনুজ, কাটাদাম, বাসুড়া, শ্রীপুর, চেচুরিয়া, সারুঙ্গা, চকবাড়ই |
| | পুনট (PUNOT)-১(এক) টি | ১/ক [1/KA] | তালখুর, ভুগোইল, গোবিন্দপুর, নিমেরপাড়া, চাকলমুয়া, বুড়ইল, ফুলপুকুর, জগডুম্বর, গোপিনাথপুর |
| | আহম্মেদাবাদ (AHMMEDABAD)-২ (দুই) টি | ১/খ [1/KHA] | বানিহারা, ঝামুটপুর, বোড়াই, রাঘবপুর, দুরুঞ্জ |
| | | ২/ক [2/KA] | কালাই সদর, কাথাইল, ধাপ, পাঁচশিরা |
| | জিন্দারপুর (ZINDARPUR)- ১(এক)টি | ২/ক [2/KA] | ইটাইল, দামখর, কাদিরপুর, ধাপ-কাদিরপুর |
| ক্ষেতলাল | ক্ষেতলাল সদর (KHETLAL SADAR) -১(এক) টি | ২/ক [2/KA] | কোড়লগাড়ী, রামপুরা (সাথিদারপাড়া, রানীপুকুর), |

| | | | |
|---|---|---|---|
| (KHETLAL)-৬(ছয়)টি | | | জালিয়াপাড়া, সরদারপাড়া, ক্ষেতলাল ফকিরপাড়া, ক্ষেতলাল দিঘিপাড়া, রামপুরা চৌধুরী পাড়া, কানপাড়া, বক্সিপাড়া, সূর্যবান |
| | মামুদপুর (MAMUDPUR)-১(এক)টি | ৩/ক [3/KA] | বেলতা বানদিঘি, দক্ষিণ তাউসারা, বারইল, দেওগ্রাম |
| | বড়াইল (BORAIL) -৩(তিন) টি | ১/ক [1/KA] | কুসুমশহর, তেলাল-মুরারীপুর, ভাশিলা, শশিগ্রাম, বেলগাড়ী, আলুঞ্জা |
| | | ২ নং ওয়ার্ড [2 NO. WARD] | হিন্দা কসবা (পুকুরপাড়া, সরদারপাড়া, সোনারপাড়া, শাহীপাড়া, পোদ্দারপাড়া), বজরবরাহী, গ্রামগাড়ী, গাংগাইর, দেউলিয়া, পশ্চিম ইটাইল, পশ্চিম ইটাইল আবাসন, কলিঙ্গাঁ, বাথেড়া কোমলগাড়ী, দক্ষিণ হাটশহর। |
| | | ৩/ক [3/KA] | মাটিহাঁস, শাখারী বাঁক, পাঁচখুপী, হরিপুর, প্রতাপপাড়া, দক্ষিণ বিনাই |
| | আলমপুর (ALAMPUR)- ১(একটি | ৩/ক [3/KA] | বানিয়াচাপড়, আলমপুর, আলমপুর আদর্শগ্রাম, আলমপুর আবাসন, আমুনিয়া, দক্ষিণ বস্তা |
| আক্কেলপুর (AKKELPUR)- ৭(সাত)টি | রুকিন্দিপুর (RUKINDIPUR)-২(দুই)টি | ১/গ [1/GA] | পালশা, ইসমাঈলপুর |
| | | ২/ক [2/KA] | কানুপুর, ভান্ডারীপাড়া, চকবিলা, মুনইল |
| | গোপীনাথপুর (GOPINATHPUR)- ১(এক)টি | ৩/ক [3/KA] | মহিতুর, কাশিড়া, তেমারিয়া |
| | তিলকপুর (TILOKPUR)- ১(এক)টি | ২/ক [2/KA] | আব্দুল্লাহপুর, কাচারীপাড়া, দাঁড়ারকুল, পাথারাবাড়ী, নতুন বাজার, পুরাতন বাজার, সবদলপাড়া, নয়াপাড়া, শিয়ালাপাড়া, যক্ষরাপাড়া, সাজিপাড়া, মানিকপুর |
| | রায়কালী (RAIKALI )- ৩(তিন)টি | ১/ক [1/KA] | গুড়ুম্বা, মুনজিয়া, মালীগ্রাম, মাধায়পুকুর |
| | | ৩/ক [3/KA] | পুন্ডুরিয়া, বাগিরবাড়িয়া, চন্দ্রপাইল, আমানপুর, দেওড়া, হরিনতারা |
| | | ৩/খ [3/KHA] | সুজালদিঘী, হড়িশাদী, ডোলাপাড়া, জগতী, খোসলাপাড়া, কালাঞ্জ, রসুলপুর |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :**

(১) পরিবার পরিকল্পনা পরিদর্শক পদের আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(২) পরিবার কল্যাণ সহকারী পদের আবেদনকারীকে অবশ্যই শূন্য পদের বিপরীতে প্রদর্শিত সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ইউনিট/ওয়ার্ডের আওতাভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(৩) অনলাইনে আবেদন গ্রহণ শুরুর তারিখে যে সকল প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং ২৫ মার্চ ২০২০ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর তাঁরা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে যে সকল বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫ মার্চ ২০২০ তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর, তাঁরাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৪) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৫) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৬) নিয়োগ বিজ্ঞপ্তির ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/-(একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] ২ থেকে ৩নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] জমা দিতে হবে;

(৭) প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে জমা দিতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে);

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ছায়ালিপি;

(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ছ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;

(জ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy);

(৯) মৌখিক পরীক্ষার সময় অনুচ্ছেদ-৮ এর নির্দেশনামতে জমাকৃত সকল সনদ/কাগজপত্রের মূল কপি আবশ্যিকভাবে প্রদর্শনের পাশাপাশি ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলকৃত সনদ/কাগজপত্রের সাথে অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যের অসামঞ্জস্যতা পাওয়া গেলে প্রার্থীর প্রার্থীতা বাতিল হয়ে যাবে।

(১০) পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(১১) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবেন।

(১৩) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) লিখিত/ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্র)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dgfpjoy.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১১/১০/২০২১ সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/১০/২০২১ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্র প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel x প্রস্থ 300 Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 Pixel x প্রস্থ 80 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online-এ পূরণকৃত আবেদনত্র প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে এক কপি এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download পূর্বক সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID দেওয়া থাকবে।

উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে দুইটি SMS করে পরীক্ষার ফি বাবদ ১নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/-(একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] ২ থেকে ৩নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদান প্রক্রিয়া:

প্রথম SMS: DGFPJOY<SPACE> User ID লিখে 16222 নম্বরে SEND করতে হবে।

উদাহরণ: DGFPJOY ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee, your PIN is 123456789. To pay fee Type DGFPJOY<Space<YES<Space<PIN and send to 16222

দ্বিতীয় SMS: DGFPJOY<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ: DGFPJOY YES 123456789

Reply: Congratulations Aplicant's Name, Payment completed successfully for DGFPJOY Recruitment Application for XXXXXXX, User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgfpjoy.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্র প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: DGFPJOY<Space>HELP<Space>USER<Space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ: DGFPJOY HELP USER ABCDEF

ii) PIN Number জানা থাকলে: DGFPJOY<Space>HELP<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ: DGFPJOY HELP PIN 123456789

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে।

(ইমেইলের Subject এ DGFPJOY, xxxxxxxxxxxxx (পদের নাম), Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

শেষ সময়ের জন্য অপেক্ষা না করে দ্রুত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো

(ডাঃ কে.এম. জোবায়ের গালীব)
উপপরিচালক (ভারপ্রাপ্ত) ও
সদস্য সচিব
জেলা পরিবার পরিকল্পনা বাছাই/নিয়োগ কমিটি
ফোন: ০৫৭১-৬২২৮১
ইমেইল: ddfpjoypurhat@gmail.com

স্মারক নং জেপপ/জয়/নিয়োগ-২০২১/৬৭১

তারিখঃ ১৯ আশ্বিন ১৪২৮ / ০৪ অক্টোবর২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
০২। পরিচালক(প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান, বাজার, ঢাকা-১২১৫।
০৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৫। জেলা প্রশাসক, জয়পুরহাট ও সভাপতি, বাছাই/নিয়োগ কমিটি, জয়পুরহাট।
০৬। চেয়ারম্যান জেলা পরিষদ, জয়পুরহাটঃ *নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।*
০৭। সিভিল সার্জন, জয়পুরহাট ও সদস্য, বাছাই/নিয়োগ কমিটি, জয়পুরহাট।
০৮। সহকারী পরিচালক(পরিবার পরিকল্পনা)/ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটি, এ কার্যালয়।
০৯। সহকারী পরিচালক(পার-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
১০। উপজেলা নির্বাহী অফিসার,(সকল)...................., জয়পুরহাটঃ *নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।*
১১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, (সকল)..................,জয়পুরহাটঃ *নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।*
১২। উপজেলা পরিবার পরিকল্পনা কমকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি)/(ক্লিনিক), (সকল).........., জয়পুরহাটঃ *নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।*
১৩। চেয়ারম্যান ............. ইউনিয়ন পরিষদ ....................., উপজেলা, জয়পুরহাট। *নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।*
১৪। অফিস নথি।

৪/১০/২০২১

(ডাঃ কে.এম. জোবায়ের গালীব)
উপপরিচালক (ভারপ্রাপ্ত) ও
সদস্য সচিব
জেলা পরিবার পরিকল্পনা বাছাই/নিয়োগ কমিটি